

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প”
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইফাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭ (অংশ-১)-০৮৩

তারিখঃ ০৮/০৪/২০২১ খ্রিঃ।

বিষয়: আইজিএ প্রকল্পের আওতায় ৪২৬ টি উপজেলায় ১১তম ব্যাচের স্থগিতকৃত প্রশিক্ষণ কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় ৪২৬টি উপজেলায় ১১তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম এপ্রিল ২০২১ হতে শুরু হয়েছে। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও মহামারী করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রভাব বিস্তার করেছে। মহামারী করোনাভাইরাস জনিত রোগ কোভিড-১৯ বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সার্বিক কার্যাবলি/চলাচলের নিষেধাজ্ঞা আরোপ করেছেন।

০২। সেপেক্ষিতে প্রকল্প কার্যালয়ের স্মারক নং ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭ (অংশ-১)-০৮১; তারিখঃ ০৪/০৪/২০২১ খ্রিঃ এর মাধ্যমে সর্তকতামূলক ব্যবস্থা হিসাবে আইজিএ প্রকল্পের উপজেলা পর্যায়ে চলমান ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম গত ৫ এপ্রিল ২০২১ হতে পরবর্তী পুনরাদেশ না দেয়া পর্যন্ত সাময়িকভাবে স্থগিত রাখার জন্য বলা হয়।

০৩। এমতাবস্থায় প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ৪২৬ টি উপজেলা পর্যায়ে এপ্রিল ২০২১ হতে জুন ২০২১ সেশনের ১১তম ব্যাচের সাময়িকভাবে স্থগিতকৃত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য স্বাস্থ্য বিধি মেনে (মাস্ক পরিধান বাধ্যতামূলক) ও সামাজিক দূরত্ব বজায় রেখে আগামী ১১/০৪/২০২১ তারিখ হতে সকাল ৩ বিকাল ০২ (দুই) শিফটে (প্রতি ট্রেডে সকালে ১৩ জন এবং বিকালে ১২ জন) ০৩ (তিন) ঘণ্টা করে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হলো।

(মো: তরিকুল আলম)

যুগ্মসচিব

ও

প্রকল্প পরিচালক

ফোন: ০২-৫৫১৩৮১২৭

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।

.....উপজেলা.....জেলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৪। উপ-পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর..... জেলা।
- ৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।